

# যুগান্তর

## যবিপ্রবি শিক্ষার্থীকে ছাত্রলীগের নির্যাতন

👤 যশোর ব্যুরো

🕒 ১৮ ফেব্রুয়ারি ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) শাখা ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে ছাত্রাবাসে শিক্ষার্থীকে নির্যাতনের অভিযোগ উঠেছে। শুক্রবার রাতে শহিদ মসীযুর রহমান (শ.ম.র.) হলের ৩০৮ নম্বর কক্ষে এ নির্যাতনের ঘটনায় ওই শিক্ষার্থী যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। এ ঘটনায় ভুক্তভোগী শিক্ষার্থী যশোর কোতোয়ালি থানায় সাধারণ ডায়েরি ও প্রভোস্টের কাছে লিখিত অভিযোগ করেছেন।

নির্যাতনের শিকার ফিশারিজ অ্যান্ড মেরিন বায়োসায়েন্স (এফএমবি) বিভাগের ৪র্থ বর্ষের মো. মাঞ্জুরুল হাসান অভিযোগে বলেছেন, শুক্রবার রাতে রুম থেকে বের হয়ে শাখা ছাত্রলীগের সভাপতি সোহেল রানাকে সালাম না দেওয়া এবং লুপ্তি পরে তার সামনে চলাচলের কারণে আমাকে ডেকে ৩০৮ নাম্বার কক্ষে নিয়ে যায়। এরপর সভাপতির নির্দেশে আমার বুকের উপর দাঁড়িয়ে এলোপাতাড়ি মারধর করে। একপর্যায়ে আমার চিৎকারে অন্য শিক্ষার্থীরা এগিয়ে এলে তারা হত্যার হুমকি দিয়ে চলে যায়। অভিযুক্তরা হলেন শাখা ছাত্রলীগের সভাপতি সোহেল রানা, ছাত্রলীগ কর্মী ও ম্যানেজমেন্ট বিভাগের ফয়সাল আহমেদ, শারীরিক শিক্ষা বিভাগের ইসাদ হোসেন, আল আমিন, শেখ বিপুল হাসান ও মুশফিক, ফার্মেসি বিভাগের রাইসুল হক রানা। এছাড়া অজ্ঞাত করা হয়েছে আরও কয়েকজনকে।

যবিপ্রবি ছাত্রলীগের সভাপতি সোহেল রানা বলেন, আমার বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট অভিযোগ করা হচ্ছে। রাজনৈতিকভাবে আমাকে হেয় করতে এমন অভিযোগ তোলা হয়েছে। কাউকে মারা হয়নি। হলের প্রভোস্ট ড. মো. তানভীর ইসলাম জানান, শুক্রবার রাতে মারামারির ঘটনায় শনিবার একটি লিখিত অভিযোগ পেয়েছি। এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন প্রক্রিয়াধীন। তদন্ত শেষে অভিযুক্ত ও ছাত্রাবাসে অবস্থান করা বহিষ্কৃত শিক্ষার্থীর বিষয়েও ব্যবস্থা গ্রহণ করা হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

